



তথ্যবিবরণী

নম্বর: ১০৯

তারুণ্যনির্ভর বাংলাদেশ বিনির্মাণে নাটোরে জেলা তথ্য অফিসের মতবিনিময় সভা

রাজশাহী: ১০ অগ্রহায়ণ (২৫ নভেম্বর) :

আজ সোমবার (২৫ নভেম্বর) সকালে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)'র আওতায় নাটোর জেলা তথ্য অফিসের আয়োজনে ও জেলা প্রশাসনের সহযোগিতায় জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে তারুণ্যনির্ভর বাংলাদেশ বিনির্মাণে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

সভায় সভাপতিত্ব করেন নাটোর জেলা প্রশাসক আসমা শাহীন। অতিরিক্ত জেলা প্রশাসক মো. মাছুদুর রহমানের সঞ্চালনায় সভায় স্বাগত বক্তব্য রাখেন নাটোর জেলা তথ্য অফিসার মো. আব্দুল আউয়াল। ধারণাপত্র উপস্থাপন করেন নবাব সিরাজ-উদ-দৌলা সরকারি কলেজের সহকারী অধ্যাপক ড. জাহাঙ্গীর আলম।

সভায় বক্তাগণ তারুণ্যনির্ভর বাংলাদেশ বিনির্মাণে সকলের করণীয় সম্পর্কে আলোকপাত করেন। তারুণ্যের শক্তিকে কাজে লাগানোর যে সুযোগ এসেছে সেটাকে যেন আমরা সবাই কাজে লাগাতে পারি সেদিকে সকলকে সচেতন থাকার জন্য সভায় আহ্বান জানানো হয়। বক্তাগণ বিভিন্ন সেক্টরে বৈষম্য ও দুর্নীতি দূর করা এবং সর্বোপরি সুশাসন প্রতিষ্ঠায় গুরুত্বারোপ করেন। এছাড়াও উপস্থিত শিক্ষার্থী ও সমন্বয়কবন্দ নাটোরের বিভিন্ন ক্ষেত্রে বৈষম্য দূর, আইনশৃঙ্খলা পরিস্থিতির উন্নতি, সকল ক্ষেত্রে জবাবদিহিতা প্রতিষ্ঠা করা এবং সকলে মিলে সুন্দর ও বৈষম্যহীন বাংলাদেশ গঠনের আশাবাদ ব্যক্ত করেন।

সভায় অন্যান্যের মধ্যে জেলা মৎস্য কর্মকর্তা ড. আবুল কালাম আজাদ, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপপরিচালক মো. লুৎফর রহমান, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অতিরিক্ত উপপরিচালক শামসুন নাহার ভূঁইয়া, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ড. মাহবুবুর রহমান উপস্থিত ছিলেন।

এছাড়া সভায় আরও উপস্থিত ছিলেন বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের নাটোর জেলার সমন্বয়কবন্দ, বিভিন্ন স্কুল ও কলেজের শিক্ষক-শিক্ষার্থী, বিভিন্ন এনজিও'র প্রতিনিধিবৃন্দ এবং প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ

আতিক/আরিফ/আলীম/রুহুল/হালিম/১৭:৩০ঘ.